CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC (CBCS)/EVEN/SEM/**
**BNGGEC–601T/010**

**TDC (CBCS) Even Semester Exam.,**
**September—2021**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGGEC–601T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন কুড়িটি) : ১×২০=২০

১। শ্রীরামপুর মিশন কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

২। ফোর্ট উইলিয়ম কলেজ কে প্রতিষ্ঠা করেন?

৩। শ্রীরামপুর প্রেস থেকে 'বাইবেল'-এর 'নিউটেস্টামেন্ট' বাংলা ভাষায় কত সালে প্রথম মুদ্রিত হয়?

৪। 'রাজা প্রতাপাদিত্য চরিত্র' গ্রন্থটি কার লেখা?

( Turn Over )

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫। রামমোহন রায়ের উদ্যোগে কোন্ কু-প্রথা বন্ধ হয়েছিল?

৬। রামমোহন রচিত ব্যাকরণ গ্রন্থটির নাম কী?

৭। বিদ্যাসাগর অনূদিত একটি গ্রন্থের নাম লেখো।

৮। 'বহুবিবাহ রহিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক বিচার' গ্রন্থটির লেখক কে?

৯। ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী?

১০। মাইকেল মধুসূদন প্রবর্তিত ছন্দটির নাম কী?

১১। মধুসূদন রচিত পত্রকাব্যটির নাম কী?

১২। রবীন্দ্রনাথ বিহারীলালকে কী অভিধায় আখ্যায়িত করেছেন?

১৩। বিহারীলালের সবথেকে প্রসিদ্ধ কাব্যগ্রন্থ কোনটি?

১৪। রবীন্দ্রনাথ কত খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন?

১৫। কিশোর কবিকে ঠাকুরবাড়ির কোন্ বধূটি সব থেকে বেশি উৎসাহ দিতেন?

১৬। 'বনলতা সেন' কোন্ কবির রচনা?

১৭। মধুসূদন রচিত ঐতিহাসিক নাটক কোনটি?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



১৮। মধুসূদন দত্তের লেখা একটি প্রহসনের নাম লেখো।

১৯। দীনবন্ধু রচিত কোন্ নাটকে কৃষকদের উপর নীলকর সাহেবদের অত্যাচারের বর্ণনা আছে?

২০। 'সধবার একাদশী' কী জাতীয় রচনা?

২১। গিরিশ ঘোষ রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

২২। 'জনা' নাটকটিকে কী জাতীয় নাটক বলা হয়?

২৩। কোন্ ধরনের নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল বিখ্যাত?

২৪। দ্বিজেন্দ্রলালের কোন্ নাটকে সম্রাটসত্তা ও পিতৃসত্তার বিরোধ দেখানো হয়েছে?

২৫। বঙ্কিমচন্দ্র রচিত খাঁটি ঐতিহাসিক উপন্যাস কোনটি?

২৬। বাংলা ভাষায় রচিত বঙ্কিমের প্রথম উপন্যাসটির নাম কী?

২৭। 'শেষের কবিতা' কী জাতীয় রচনা?

২৮। 'ঘরে বাইরে' উপন্যাসের প্রধান নারীচরিত্র কোনটি?

২৯। শরৎচন্দ্রকে কী অভিধায় আখ্যায়িত করা হয়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩০। বিপ্লবী রাজবিদ্রোহী চরিত্রটি শরৎচন্দ্রের কোন্ উপন্যাসের চরিত্র?

৩১। বিভূতিভূষণের কোন্ উপন্যাস অবলম্বনে সিনেমা তৈরি করে সত্যজিৎ রায় বিখ্যাত হয়েছেন?

৩২। কোন্ উপন্যাসে বিভূতিভূষণ দুর্ভিক্ষের চিত্র তুলে ধরেছেন?

৩৩। দুর্ধর্ষ ডাকাত ভিখুর ঘটনাবহুল জীবন অবলম্বনে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত ছোটগল্পটির নাম কী?

৩৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি গল্পসংকলনের নাম লেখো।

৩৫। মহিষকে কেন্দ্র করে রচিত তারাশঙ্করের বিখ্যাত গল্পটির নাম কী?

৩৬। তারাশঙ্করের প্রথম গল্পগ্রন্থ কোনটি?

৩৭। পরশুরাম কার ছদ্মনাম?

৩৮। একটি ছাগলকে কেন্দ্র করে রচিত পরশুরামের হাসির গল্পটির নাম কী?

৩৯। মেহের আলি রবীন্দ্রনাথের কোন্ ছোটগল্পের চরিত্র?

৪০। রবীন্দ্রনাথের ছোটগল্প-সংকলন কী নামে পরিচিত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন পাঁচটি) : ২×৫=১০

৪১। শ্রীরামপুর মিশন থেকে প্রকাশিত দুখানি সাময়িক পত্রের নাম লেখো।

৪২। রামমোহন রায় যে ধর্ম প্রবর্তন করেছিলেন সেটির নাম কী? তাঁর রচিত একটি তর্কমূলক গ্রন্থের নাম লেখো।

৪৩। ঈশ্বরগুপ্তকে গুরুপদে বরণ করে সাহিত্য-সাধনা শুরু করেছিলেন এমন দুজন বিখ্যাত সাহিত্যিকের নাম লেখো।

৪৪। জীবনানন্দের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? তাঁর কোন্ কাব্যগ্রন্থে বাংলার অপরূপ রূপ বর্ণিত হয়েছে?

৪৫। মধুসূদনের প্রথম নাটক কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়?

৪৬। গিরিশ ঘোষ রচিত একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো। তাঁর কোন্ নাটকে বিদূষক চরিত্র আছে?

৪৭। ত্রিপুরার রাজবংশের কাহিনি অবলম্বনে রচিত রবীন্দ্র উপন্যাসটির নাম কী? বালবিধবা বিনোদিনী রবীন্দ্রনাথের কোন্ উপন্যাসের চরিত্র?

৪৮। নদীর নামে বিভূতিভূষণের যে উপন্যাস আছে সেটির নাম কী? দুর্গা নামক বালিকাটি তাঁর কোন্ উপন্যাসের চরিত্র?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪৯। মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী ছিল? তাঁর 'অতসীমামী' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

৫০। পরশুরাম রচিত যে-কোন দুটি হাস্যরসাশ্রিত ছোটগল্পের নাম লেখো।

## SECTION—C

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান বিষয়ে আলোচনা করো।

৫২। "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী।" তাঁর রচিত গদ্যগ্রন্থ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

৫৩। বাংলা মহাকাব্য-রচনাধারায় মাইকেল মধুসূদনের কৃতিত্বের পরিমাপ করো।

৫৪। গীতিকবি রবীন্দ্রনাথের কাব্যপ্রতিভার একটি সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরো।

৫৫। বাংলা নাট্য-রচনাধারায় দীনবন্ধু মিত্রের কৃতিত্ব আলোচনা করো।

৫৬। দ্বিজেন্দ্রলাল রচিত ঐতিহাসিক নাটকগুলির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫৭। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলির বিষয়ে নাতিদীর্ঘ আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৫৮। বাংলা উপন্যাস রচনার ক্ষেত্রে শরৎচন্দ্রের বিশিষ্টতা ও অনন্যতার সবিশেষ পরিচয় দাও।

৫৯। কিশোর চরিত্র অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের কয়েকটি ছোটগল্পের আলোচনা করো।

৬০। ছোটগল্পের শিল্পী হিসেবে তারাশঙ্করের মূল্যায়ন করো।

★★★